

পদাবলী

এক. তখন আমি থাকব তোমার পাশে
যখন তুমি শূন্য ঘরে একা;
তখনো আমি বৃক্ষ ছায়া
যখন তুমি পুড়বে দাণ রোদে;
তখনো আমি প্রিয় কথা
যখন কাঁপবে শিশির তোমার নীরব ঠোঁটে।

দুই. কান পেতে গাছ
থম্কে বাতাস
মগ ডালে কিচ মিচ
নদী চোখ তুলে
গাছ মাথা হেলিয়ে
উঠল দুলে;
গাছ ডাল পালা দোলাল জোরে
গাছের নিচে এক দুখি চাষা
এক গাছা দড়ি হাতে দাঁড়িয়ে
গাছের ছায়া নিচে
বাচ্চা নিয়ে ছাগল খাচ্ছে ঘাস
গাছ খসিয়ে দিল কয়েকটা পাতা। (মডেল হাসকু)

তিন. কথা ছিল
আমার জন্য শীতের সোয়েটার বুনে দেবে
বারবার ঘর পড়ে যাচ্ছে হাতের কাঁটায়;
কথা ছিল
বৃষ্টি ভেজা চুল শুকিয়ে নেবে রোদে
মেঘলা দিনের মুখ দেখে
পাখিরা কি বন্ধ করে গান!
কথা ছিল
চোখে জ্বালবে সৌরশক্তির আলো
এখন তুমি
এক হাঁটু কাদা ভেঙে
হাত পাতছো কার কাছে?



মনোরঞ্জন চট্টোপাধ্যায়

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com